

২১শে নভেম্বর

▣ দেবজ্যোতি আচার্য্য

শীতের মৃদু হাওয়া গায়ে লাগে
মুখচোরা অনুভূতি পশম আর ওলের দেহে জড়িয়ে থাকে
দুপায়ে সাইকেল চারপায়ে যাত্রা
ভীড়ের সামনে যাত্রার অস্ত।

২১শে নভেম্বর

চামচে Noodles-এ হাসির দাঁত জড়িয়ে থাকে
SMS থেকে স্বপ্ন বাস্তবে রূপান্তর
গলাকাঁটা বাক্য সম্পর্ক বাধার অন্ধকারের সাথে

২১শে নভেম্বর

অপ্রকাশিত যাত্রার বিদায়ক্ষণ
চোখে চোখে অনুভূতির ঘর্ষণ
লিখে অসমাপ্ত কবিতা।